

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্নাতক পর্যায়ে ১ম বর্ষের (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন-২০২০


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তিকৃত শিক্ষার্থীদের এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরুর লক্ষ্যে আগামী ২৩/০১/২০২০ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০-০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে (SWC) এক পরিচিতি সভা (Orientation) অনুষ্ঠিত হবে। উক্ত পরিচিতি সভায় (Orientation) স্নাতক পর্যায়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম টার্মে ভর্তিকৃত সকল শিক্ষার্থীদের উপস্থিত (শিক্ষার্থীদের আসন গ্রহণ সকাল ৯-৫০ মি.) থাকার জন্য বলা যাচ্ছে।

স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে (SWC) পরিচিতি সভা (Orientation) অনুষ্ঠিত হবার পর ঐ দিন অর্থাৎ ২৩/০১/২০২০ইং তারিখ সকল বিভাগে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের বিভাগীয় পরিচিতি সভা, কোর্স রেজিস্ট্রেশন এবং বিভিন্ন একাডেমিক বিষয়াবলী সম্পর্কে বিস্তারিত ভাবে অবহিত করা হবে। শিক্ষার্থীদের হল কতৃপক্ষ কতৃক নির্ধারিত তারিখে হলে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ওরিয়েন্টেশন-২০২০ কে সফল করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডীন, সকল ইনস্টিটিউট পরিচালক, সকল বিভাগীয় প্রধান, সকল পরিচালক, সকল হল প্রভোস্টসহ একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ ও উচ্চ পদস্থ কর্মকর্তাগণকে (দপ্তর প্রধান) যথাসময়ে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার (SWC) এ উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।



20/01/2020
(জি, এম, শহিদুল আলম)
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/2825/20 তারিখঃ 20/01/2020

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (বিভাগীয় পরিচিতি সভা ও একাডেমিক বিষয়ে ব্যবস্থা গ্রহণসহ বিভাগের সংশ্লিষ্ট সকল সম্মানিত শিক্ষকগণের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। (উক্ত ওরিয়েন্টেশন সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। (হলে ভর্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সিস্টেম এ্যানালিস্ট, সেন্ট্রাল কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৯। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। সংরক্ষণ নথি।


20/01/2020
(মোঃ মনিরুজ্জামান)
সহকারী রেজিস্ট্রার